গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বরঃ ৩৫ তারিখঃ ০৮/১০/২০০৭খ্রিঃ

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছেনঃ-

* ৩৫। বাসককস/ইউনিট-৩/নিয়োগ-০১/২০০৫ ঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন ব্যক্তিগত কর্মকর্তার ১ (এক)টি স্থায়ী পদ।

(১) বেতন স্কেল ঃ টাঃ ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০/-তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি।

(২) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি।

(৩) বয়স ঃ ১ অক্টোবর, ২০০৭খ্রিঃ তারিখে ১৮ বছর হতে অনূর্ধ্ব ৩০ বছর।

উক্ত পদের প্রার্থীদিগকে নিম্নলিখিত বিষয়ের উপর লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবেঃ-

ক) নিম্নলিখিত বিষয়ে ১০০ নম্বরের লিখিত পরীক্ষাঃ

ক্রমিক নং	পরীক্ষার বিষয়	মোট নম্বর	সময়
(১)	বাংলা	৩০	
(২)	ইংরেজি	৩০	৯০ মিনিট
(৩)	গণিত	২০	
(৪)	সাধারণ জ্ঞান	২০	

মৌখিক পরীক্ষা ১০
মোট নম্বর ১১০

খ) সার্টলিপি ও মুদ্রাক্ষর গতি পরীক্ষাঃ

বিষয়	ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজি পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর
সার্টলিপি	৮০ শব্দ	৫০ শব্দ	১০০	১০০
মুদ্রাক্ষর	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০

গ) ১) লিখিত পরীক্ষায় এবং উপরের "খ" মতে সার্টলিপি/মুদ্রাক্ষর/এ্যাপটিটিউড টেষ্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

২) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

বিঃ দ্রঃ (ক) প্রার্থীদের অবশ্যই খামের উপর আবেদনকৃত পদের নাম ও দপ্তরের নাম উল্লেখ করতে হবে। সকল পদের জন্য আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০০৭খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।

* (খ) ১-৩৪ ক্রমিক পর্যন্ত নিয়োগ বিজ্ঞপ্তি ইতঃপূর্বে কমিশন কর্তৃক প্রকাশিত হয়েছে।

সাধারণ নির্দেশাবলী

১। শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিক এ পরীক্ষায় প্রার্থী হবার যোগ্য। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন তারা আবেদন করার যোগ্য নন।

২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা ১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার ট্রেজারী চালান দাখিল করতে হবে। এটি অফেরতযোগ্য। নির্ধারিত ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ট্রেজারী চালান আবেদনপত্রের সাথে দাখিল না করলে আবেদনপত্র বাতিল হবে।

৩। সোনালী ব্যাংকের নিম্নোক্ত শাখাসমূহ থেকে আবেদনপত্র ফরম ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে সংগ্রহ করা যাবেঃ-

(১) সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা।
(২) সোনালী ব্যাংক, গ্রীণ রোড শাখা, ঢাকা।
(৩) সোনালী ব্যাংক, ফার্মগেট শাখা, ঢাকা।
(৪) সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা, ঢাকা।
(৫) সোনালী ব্যাংক, প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা।
(৬) সোনালী ব্যাংক, সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা।
(৭) সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকা।
(৮) সোনালী ব্যাংক, মানিক মিয়া এভিনিউ শাখা, ঢাকা।
(৯) সোনালী ব্যাংক, মগবাজার শাখা, ঢাকা।
(১০) সোনালী ব্যাংক, মালিবাগ শাখা, ঢাকা।
(১১) সোনালী ব্যাংক, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ।
(১২) সোনালী ব্যাংক, টাংগাইল শাখা, টাংগাইল।
(১৩) সোনালী ব্যাংক, ফরিদপুর শাখা, ফরিদপুর।
(১৪) সোনালী ব্যাংক, পাবনা শাখা, পাবনা।
(১৫) সোনালী ব্যাংক, রংপুর কর্পোরেট শাখা, রংপুর।
(১৬) সোনালী ব্যাংক, দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর।
(১৭) সোনালী ব্যাংক, বগুড়া কর্পোরেট শাখা, বগুড়া।
(১৮) সোনালী ব্যাংক, রাঙ্গামাটি কর্পোরেট শাখা, রাঙ্গামাটি।
(১৯) সোনালী ব্যাংক, নোয়াখালী কর্পোরেট শাখা, মাইজদি কোর্ট, নোয়াখালী।
(২০) সোনালী ব্যাংক, কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা।
(২১) সোনালী ব্যাংক, যশোর কর্পোরেট শাখা, যশোর।
(২২) সোনালী ব্যাংক, পটুয়াখালী কর্পোরেট শাখা, পটুয়াখালী।
(২৩) সোনালী ব্যাংক, কুষ্টিয়া কর্পোরেট শাখা, কুষ্টিয়া।
(২৪) সোনালী ব্যাংক, খুলনা কর্পোরেট শাখা, খুলনা।
(২৫) সোনালী ব্যাংক, রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী।
(২৬) সোনালী ব্যাংক, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
(২৭) সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখা, সিলেট।
(২৮) সোনালী ব্যাংক, বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল।

৪। বিজ্ঞাপনে উল্লেখিত পদে সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থায় চাকুরীতে নিযুক্ত ব্যক্তি এবং স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীরত ব্যক্তিদের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা ট্রেজারী চালান এবং প্রয়োজনীয় সার্টিফিকেটসহ তাঁদের আবেদনপত্র বিজ্ঞাপনে উল্লেখিত আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ বা তৎপূর্বে কমিশন সচিবালয়/আঞ্চলিক কার্যালয়ে পৌছাতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ সংস্থার ছাড়পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

৫। মেধা, মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা না পাওয়ার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারি নির্দেশ অনুসরণ করা হবে। বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) এর মুক্তিযোদ্ধা সংক্রান্ত ১০ ও ১১ নং অনুচ্ছেদের যে কোন একটিতে হ্যাঁ লিখলে প্রার্থীকে অবশ্যই মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। যে সব পদের বয়সসীমা ৩২ বছরের নীচে সে সব পদের ক্ষেত্রে প্রকৃত মুক্তিযোদ্ধা এবং প্রকৃত মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্যে বয়সের উর্দ্ধসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশণ্ড কর্মচারীর ক্ষেত্রে সামরিক বাহিনীতে তাঁর প্রকৃত চাকুরীর সর্বোচ্চ মেয়াদ পর্যন্ত বয়স শিথিলযোগ্য। তবে সরকারি চাকুরীর শেষ সীমায় (৫৭ বছর) উপনীত বয়সে অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশণ্ড কর্মচারী সিভিল পদে নিয়োগের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হবেন না। অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশণ্ড কর্মচারীদের আবেদনপত্র/সুপারিশ সামরিক বাহিনীর সুপ্রীম কমান্ড হেডকোয়ার্টারস এর মাধ্যমে সরকারি কর্ম কমিশনে প্রেরিত না হলে তা গ্রহণ করা হবে না।

৭। প্রার্থী যে বিভাগীয় কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে বিভাগীয় শহরে অবস্থিত কর্ম কমিশন সচিবালয়/আঞ্চলিক কার্যালয়-এ আবেদনপত্র জমা দেয়া যাবে। আবেদনপত্র হাতে হাতে জমা দিলে সীলমোহরযুক্ত প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে।

৮। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নির্ধারিত ফরমে আবেদন করা না হলে এবং আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ে প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কমিশন সচিবালয়ের নিম্নলিখিত সংশ্লিষ্ট কর্মকর্তার অফিসে ডাক মারফত অথবা হাতে হাতে না পৌছালে কোন আবেদনপত্র বিবেচনা করা হবে নাঃ-

১) পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
২) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, প্লট নং-৪৯, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪০০০।
৩) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, প্লট নং-বি-৪৯৪, প্যারামেডিকেল রোড, লক্ষ্মীপুর, রাজশাহী-৬০০০।
৪) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, ৩৭, খালিশপুর হাউজিং এস্টেট, ডাকঘর-মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০।
৫) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, ৫০, নবগ্রাম রোড, অযোধ্যা মঞ্জিল, বরিশাল-৮২০০।
৬) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, বাড়ি নং-১০, ব্লক নং-ডি, রোড নং-৩৪, শাহজালাল উপ-শহর, সিলেট-৩১০০।

৯। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত সার্টিফিকেটসমূহের কপি সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবেঃ-

১) বয়স প্রমাণের জন্যঃ এসএসসি/সমতুল্য পরীক্ষার মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। সাময়িক সার্টিফিকেট বা এডমিট কার্ড বা টেষ্টিমোনিয়াল এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

২) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্যঃ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। মূল সার্টিফিকেট (এসএসসি ব্যতীত) প্রদানে অপারগ হলে সাময়িক সার্টিফিকেট গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কসীট এ শর্তে গ্রহণযোগ্য হবে যে, সাক্ষাৎকারের পূর্বে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।

৩। চার বছর মেয়াদি অনার্স ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কসীট/টেরিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি কোর্স উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁদের অর্জিত অনার্স ডিগ্রি ৩ বছরের গণনা করা হবে।

৪। বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইকুইভ্যালেন্স সনদঃ বিদেশ থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সাধারণ বিষয়ে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, প্রকৌশল বিষয়ে ডিগ্রি অর্জনকারীদের বাংলাদেশ প্রকৌশল ও কারিগরী বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ সংগ্রহ করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৫) মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জারিকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৬) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জারিকৃত)।

৭) উপজাতীয়দের ক্ষেত্রেঃ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৮) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রেঃ যথাযথ প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ।

বিদ্রঃ- উপরে (১) থেকে (৮) পর্যন্ত বর্ণিত সকল সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১০। মূল আবেদনপত্র (বিপিএসসি-ফর্ম-৩) এবং বিপিএসসি ফর্ম-৪ (কোড ফর্ম) সহ ফরমের অন্যান্য যাবতীয় অংশ অবশ্যই বলপেন দিয়ে পূরণ ও স্বাক্ষর করতে হবে।

১১। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে আবেদনপত্রেও সেভাবে লিখতে হবে।

১২। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত স্থায়ী ঠিকানা যদি ইতঃপূর্বে সার্টিফিকেট বা অন্যত্র উল্লেখিত স্থায়ী ঠিকানা থেকে ভিন্ন হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

১৩। **প্রয়োজনীয় কাগজপত্র, মূল আবেদনপত্র ও কোড ফর্ম (বিপিএসসি ফর্ম-৪) একটি ইনভেলপে ভরে মুখবন্ধ করে জমা দিতে হবে এবং ইনভেলপের উপরে বড় অক্ষরে বিজ্ঞাপিত পদের ও কেন্দ্রের নাম লিখতে হবে।**

১৪। নির্ধারিত পর্যায়ে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে প্রার্থীর আবেদনপত্র বাতিল হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য পরিবেশন করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৫। প্রাথমিক বাছাই/লিখিত/সাক্ষাৎকার কমিশনের আঞ্চলিক অফিস অর্থাৎ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট কেন্দ্র অনুষ্ঠিত হবে কিনা সে ব্যাপারে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক বর্ণিত কোন কেন্দ্রে প্রাথমিক বাছাই/লিখিত/সাক্ষাৎকার অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক আসন ব্যবস্থার বিজ্ঞাপনে বা প্রবেশপত্রে/সাক্ষাৎকারপত্রে উল্লিখিত কেন্দ্রে প্রার্থীকে বাছাই পরীক্ষায়/সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে হবে।

১৬। বিজ্ঞাপিত শূন্য পদের হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার সরকার সংরক্ষণ করেন।

১৭। এই বিজ্ঞাপনে যে সকল শর্ত আরোপ করা হয়েছে সেগুলো যদি আবেদনপত্র বা নির্দেশাবলীর কোন শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তবে এই বিজ্ঞাপনের শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। বিভাগীয় প্রার্থীর সংজ্ঞাঃ Departmental Candidates are those who hold post or posts in the same line of service for at least two years either in substantive or officiating capacity and are eligible for promotion or direct recruitment to the post advertised provided that their age at the time of first appointment to government service was within the age limit prescribed for direct appointment to the post.
(Government Circular No RV/IP-19/70-205(250) dt. 15-4-1972)
উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী কোন প্রার্থী নিজেকে বিভাগীয় প্রার্থী হিসেবে দাবি করলে তাকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রমাণপত্র না পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আম্বিয়া খাতুন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

জিডি-৩৫৩৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood. gov.db
Web: www.dgfood.gov.db

স্মারক নং-চসসা/জানৌ/ডিবিসিসি/খুলনা-বরিশাল/০২/০৫-১৯৭ তারিখ ০৯/১০/০৭খ্রিঃ

বিষয়: খাদ্য অধিদপ্তরের অধীনে কেন্দ্রীয় নৌ-পরিবহন ঠিকাদার নিযোগের দরপত্রে সংশোধনী

গত ০১/০৯/০৭ তারিখে ১৬৭ নং স্মারকে আহ্বানকৃত কেন্দ্রীয় নৌ পরিবহন ঠিকাদার নিয়োগের দরপত্র গ্রহণ মহামান্য হাইকোর্টের আদেশ বলে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০২/১০/০৭ তারিখের চসসা/জানৌ/ ডিবিসিসি/খুলনা-বরিশাল/০২/০৫-১৯৩(৫) নং স্মারকে স্থগিত করা হয়। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট কর্তৃক Stay order বর্ধিত না করায় উল্লেখিত স্মারকে আহ্বানকৃত দরপত্র নিম্নোক্ত তারিখে গ্রহণ করা হবে (কেবলমাত্র দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দলিল ক্রয়কারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য)ঃ

দরপত্র গ্রহণের তারিখঃ ১৮/১০/০৭ইং
সময়ঃ বেলা ১.০০টা পর্যন্ত
যোগ্যতা বিষয়ক প্রস্তাব খোলার তারিখঃ ১৮/১০/০৭ইং
সময়ঃ বেলা ৩.০০টা
** দরপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

মোঃ বাদরুজ্জামান
পরিচালক (চঃদাঃ)
চলাচল সংরক্ষণ সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা

জিডি-৩৫৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা

নং-সম/শৃ২(বিমা)-০২/২০০৬-২৯৯তারিখঃ ০৯ আশ্বিন, ১৪১৪ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বেগম গুলশান আরা খাতুন, প্রোগ্রামার (চলতি দায়িত্ব), লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু আপনি বেগম গুলশান আরা খাতুন, প্রোগ্রামার (চলতি দায়িত্ব) পদে সংস্থাপন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্রে কর্মরত ছিলেন এবং গত ০২-০৮-২০০৫ তারিখ হতে ০৪-০৮-২০০৫ তারিখ পর্যন্ত অসুস্থতার জন্য ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি গ্রহণ করেন। কিন্তু ছুটি শেষে আপনি কর্মস্থলে যোগদান করেননি এবং ০৫-০৮-২০০৫ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় দাপ্তরিক কাজকর্ম দারুনভাবে বিঘ্নিত হচ্ছে। আপনি অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি টেলিফোন কিংবা কোন প্রকার আবেদনের মাধ্যমে পিএসিসি-কে অবহিত করেননি। গত ০৫-০১-১৯৯১ তারিখের সম(প্রঃ-২)-৮৮/৮৯-১৯ নং পরিপত্রে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে সময়মত উপস্থিতি, শৃঙ্খলা অনুসরণ ইত্যাদির ব্যত্যয়ের জন্য দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের নির্দেশ থাকার বিষয়ে অবগত হওয়া সত্ত্বেও আপনি অনুমোদিত নৈমিত্তিক ছুটি ভোগের পর অফিসে উপস্থিত হননি;

যেহেতু, গত ২৩-১১-২০০৫ তারিখের সম(প্রঃ-১)-১১৯/৯৯-১১০৫ নং স্মারকমূলে আপনাকে অবিলম্বে কাজে যোগদানের জন্য নির্দেশ দেয়া সত্ত্বেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯-এর ৩(বি) ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ করেছেন;

যেহেতু, আপনি বেগম গুলশান আরা খাতুন, প্রোগ্রামার (চলতি দায়িত্ব), লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়-কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯-এর ৩(বি) ধারা অনুযায়ী অভিযুক্ত করে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা অনুযায়ী কেন আপনাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের বিধানমতে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার কারণ উল্লেখসহ লিখিত জবাব প্রদানের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের ২৯-০৫-২০০৬ ইং তারিখে সম/শৃ২(বিমা)-০২/২০০৬-৯৬ নং স্মারকমূলে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং একই অধ্যাদেশের ৫(৪) ধারা মোতাবেক উক্ত নোটিশ ১৫-০৬-২০০৬ তারিখে দৈনিক "The New Nation" এবং ১৭-০৬-২০০৬ তারিখে "দৈনিক আমার দেশ" পত্রিকায় প্রকাশিত হয়;

যেহেতু, আপনি একই অধ্যাদেশের ৫(১) ধারায় নির্ধারিত সময়সীমার (নোটিশ জারির ৫ দিনের) মধ্যে কারণ দর্শাননি এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাননি;

যেহেতু, আপনি বেগম গুলশান আরা খাতুন, প্রোগ্রামার (চলতি দায়িত্ব), লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯-এর ৩(বি) ধারা মোতাবেক ডিজারশনের (Desertion) অভিযোগে দোষী সাব্যস্ত করা হল এবং কেন উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না তার সন্তোষজনক জবাব এ নোটিশ পত্রিকায় প্রকাশের/প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হল।

এ নোটিশের কপি আপনার স্থায়ী এবং বর্তমান/আবাসিক ঠিকানায় প্রেরণ করা হল এবং উক্ত নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর এ ব্যাপারে কোন দাবি কিংবা ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

মোঃ আব্দুস সালাম খান
সচিব

বেগম গুলশান আরা খাতুন
প্রোগ্রামার (চলতি দায়িত্ব),
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র,
সংস্থাপন মন্ত্রণালয়।

স্থায়ী ঠিকানা
গ্রাম-কুরুইন
ডাকঘর-মোহনপুর বাজার,
উপজেলা-দেবীদ্বার
জেলা-কুমিল্লা।

বর্তমান/আবাসিক ঠিকানা
১/১৪ বেইলী স্কয়ার,
বেইলী রোড,
ঢাকা-১২১৭।

জিডি-৩৫৩৯

Rajdhani Unnayan Kartripakkha

Uttara Residential Model Town (3rd Phase) Project
RAJUK Bhaban, Dhaka
www.rajukdhaka.gov.bd

Corrigendum to the Tender Notice

On
Construction of Road Works at Uttara Residential Model Town (3rd Phase) Project, Dhaka
Invitation Ref: Tender Notice No-08/2007-2008 (Uttara 3rd Phase Project)

The following changes are made in the above tender notice for exact location of the work:

Item No-19		Changed Item No-19	
Sl No.	Original name of work	Group No.	Changed name of work
I	Construction of East-West Avenue-2 (Part) at Sector-15 of Uttara Residential Model Town (3rd Phase) Project	1	Construction of North-South Avenue-2 (Part) at Sector-15 of Uttara Residential Model Town (3rd Phase) Project
III	Construction of North-South Avenue-9 (Part) at Sector-15 of Uttara Residential Model Town (3rd Phase) Project	3	Construction of East-West Avenue-9 (Part) at Sector-15 of Uttara Residential Model Town (3rd Phase) Project

All other terms & conditions of the original invitation for tenders will remain unchanged. It will be considered as a part of the tender documents.

Chairman
Rajdhani Unnayan Kartripakkha

GD-3555

Jamuna Multipurpose Bridge Authority

Setu Bhaban
New Airport Road, Banani, Dhaka-1212
Website: www.jmba.gov.bd

Invitation for Tenders

1	Ministry/Division	Ministry of Communications (MoC).	
2	Agency	Jamuna Multipurpose Bridge Authority (JMBA).	
3	Procuring entity name	Quazi Md. Ferdous, Executive Engineer (RTW & Bldg), JMBA, Dhaka.	
4	Procuring entity code	Not available.	
5	Procuring entity district	Dhaka.	
6	Invitation for	Operation, Maintenance of Setu Bhaban, Jamuna Multipurpose Bridge Authority, Setu Bhaban, Banani, Dhaka-1212.	
7	Invitation Ref. No.	Tech/Jb-3/2003-(অংশ-২)-৪১৯৪.	
8	Date: 8-10-07	October 07, 2007.	
KEY INFORMATION			
9	Procurement method	Open tendering method.	
FUNDING INFORMATION			
10	Budget and source of funds	GoB/JMBA.	
11	Development partners (if applicable)	Not applicable.	
PARTICULAR INFORMATION			
12	Project/programme code (if applicable)	Not applicable.	
13	Project/programme name (if applicable)	Not applicable.	
14	Tender package No.	1 (one).	
15	Tender package name	Operation, Maintenance of Setu Bhaban, Jamuna Multipurpose Bridge Authority, Setu Bhaban, Banani, Dhaka-1212.	
16	Tender publication date	Date: October 11, 2007.	
17	Tender last selling date	Date: November 04, 2007	Time: During office hours
18	Tender closing date and time	Date: November 05, 2007	Time: 12:00 noon.
19	Tender opening date and time	Date: November 05, 2007	Time: 12:30pm
20	Name & address of the office(s)		
	- Selling tender document (principal)	Asstt. Director, Accounts Section, Jamuna Multipurpose Bridge Authority, Setu Bhaban, New Airport Road, Banani, Dhaka.	
	- Receiving tender document	TOC, Conference Room, Jamuna Multipurpose Bridge Authority, Setu Bhaban, New Airport Road, Banani, Dhaka.	
	- Opening tender document	TOC, Conference Room, Jamuna Multipurpose Bridge Authority, Setu Bhaban, New Airport Road, Banani, Dhaka.	
21	Place/date/time of pre-tender meeting (optional)	Chief Engineer, Room No-405 (3rd Flo